

তারিখ : 09/03/2017

**আরবিআই নাসিক, মহারাষ্ট্র স্থিত নাসিক জিলা গিরনা সহকারি ব্যাঙ্ক লিমিটেড-এর প্রতি জারি করা বিশেষ নিয়ন্ত্রণবিধির মেয়াদ
বৃদ্ধি করণ**

সেপ্টেম্বর 8, 2015 তারিখাঙ্কিত দ্রষ্টব্য আদেশবিধির মাধ্যমে সেপ্টেম্বর 9, 2015 তারিখ কাজের শেষ থেকে নাসিক, মহারাষ্ট্র স্থিত নাসিক জিলা গিরনা সহকারি ব্যাঙ্ক লিমিটেড-কে বিশেষ নিয়ন্ত্রণবিধির অধীনে আনা হয়েছিল। উক্ত বিশেষ নিয়ন্ত্রণবিধির বৈধতার মেয়াদ মার্চ 03, 2016 এবং অগস্ট 25, 2016 তারিখাঙ্কিত আদেশবিধির মাধ্যমে ছয় মাস সময়কালের জন্য বৃদ্ধি করা হয়েছিল। এর পাশাপাশি, উক্ত ব্যাঙ্কটিকে, ডিসেম্বর 26, 2016 তারিখাঙ্কিত আদেশবিধির মাধ্যমে মেয়াদী আমানতের ভিত্তিতে ঋণের সামঞ্জস্য সাধন করার তথা কিছু নির্দিষ্ট বিধি ও শর্তাদির সাপেক্ষে স্ট্যান্ডার্ড ক্যাশ ক্রেডিট অ্যাকাউন্টের পুননবীকরণ করার অনুমতি দেওয়া হয়েছিল। জনসাধারণের জ্ঞাতার্থে এতদ্বারা ঘোষণা করা হচ্ছে যে আমাদের মার্চ 07, 2017 তারিখাঙ্কিত আদেশবিধির মাধ্যমে সেপ্টেম্বর 8, 2015 তারিখাঙ্কিত আদেশবিধি তৎসহ পঠিত মার্চ 03, 2016, অগস্ট 25, 2016 এবং ডিসেম্বর 26, 2016 তারিখাঙ্কিত আদেশবিধির ক্রিয়াশীলতার মেয়াদ মার্চ 10, 2017 থেকে সেপ্টেম্বর 09, 2017 পর্যন্ত আরও ছয় মাস সময়কালের জন্য বৃদ্ধি করা হল।

উল্লেখিত আদেশবিধির অন্যান্য বিধি ও শর্তাদি অপরিবর্তিত রইল।

উক্ত মেয়াদবর্ধনের ঘোষণা সমেত মার্চ 07, 2017 তারিখাঙ্কিত আদেশবিধির প্রতিলিপি জনসাধারণের অবগতির জন্য ব্যাঙ্ক চত্বরে প্রদর্শিত আছে।

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক উপরোক্ত মেয়াদবৃদ্ধি স্বতই এই ইঙ্গিত দিচ্ছে বলে মনে করা সমীচীন নয় যে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক প্রাপ্ত ব্যাঙ্কটির আর্থিক অবস্থার বাস্তবিক উন্নতি সম্পর্কে সন্তুষ্ট।

প্রেস প্রকাশনি : 2016-2017/2401

অনিরুধা ডি. জাদব

সহায়ক প্রবন্ধক